**জীবন বীমা কর্পোরেশন**
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৩.১৯.৯০০১.০০৩.০০.০০০.২০২২-২৮৭ (৫) তারিখ : ২১ ভাদ্র ১৪২৯ / ০৫ সেপ্টেম্বর ২০২২

**বিষয়: তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ৭ম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: হান্নানুর রশিদ, জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-উন্নয়ন , জীবীক |
| স্থান | : কমিটির আহবায়কের দপ্তর (৪র্থ তলা, প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন, ঢাকা) |
| তারিখ ও সময় | : ০৪-০৯-২০২২ খ্রি: তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায়। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

২.০ সভাপতি সভার শুরুতেই সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন, মন্ত্রিপরিষদ বিভাগ তথ্য অধিকার আইন-২০০৯ এবং অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা-২০১০ অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরে জীবন বীমা কর্পোরেশন এবং আর্থিক প্রতিষ্ঠান এর মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী তথ্য অধিকার বিষয়ে গৃহীত বার্ষিক কর্মপরিকল্পনার বিভিন্ন কর্মসম্পাদনের ক্ষেত্র, কার্যক্রম, সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ যথাসময়ে অর্জন করা বাধ্যতামূলক। লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্তসমূহ:**

৩.০ দেশের জনগণকে তাদের চাহিদা মতো তথ্য প্রদানের জন্য প্রধান কার্যালয়ের ন্যায় প্রত্যেকটি আঞ্চলিক কার্যালয় ও জেলা পর্যায়ের কার্যালয়ের তথ্য প্রদানের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ করার ব্যবস্থা গ্রহণ করা। উল্লেখ্য, যে সকল জেলায় সেলস অফিস নাই সেসকল জেলায় শাখা ইনচার্জদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট রিজিওনাল ইনচার্জদের আপীল কর্মকর্তা নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা।

৪.০ মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৫-০৪-২০১৮ খ্রি: তারিখের ০৪.০০.০০০০.৮২৩.০৭৯.০০৩.১৮.০৩৪ সংখ্যক এবং তথ্য কমিশনের ২০-০৩-২০১৮ খ্রি: তারিখের ১৫.৫১.০০০০.৬০৪.০৮.০০১.১৮.৭৬৩ সংখ্যক পত্রের মর্মানুযায়ী কর্পোরেশনে পরিচালিত সকল প্রশিক্ষণ কর্মসূচিতে তথ্য অধিকার আইন-২০১৯ বিষয়ক মডিউল অন্তর্ভুক্ত করা। এ ছাড়াও প্রতি ত্রৈমাসিকে নূন্যতম ১টি তথ্য অধিকার বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।

৫.০ তথ্য অধিকার আইন-২০০৯ এবং এ সংক্রান্ত অন্যান্য বিধি বিধান অনুযায়ী দেশের জন সাধারণকে তথ্য অধিকার বিষয়ক সুবিধা ও জন সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সংযুক্ত বিভিন্ন স্লোগান সংবলিত লিফলেট, ব্যানার, ফ্যাস্টুন প্রস্তুত করে কর্পোরেশনের বিভিন্ন কার্যালয়ে টাঙানো এবং বন্টনের ব্যবস্থা গ্রহণ করা (স্লোগান সংযুক্ত)। এছাড়া কর্পোরেশনের ওয়েব-সাইটসহ বিভিন্ন পত্র যোগাযোগের সময় খামের উপর এবং দৈনিক পত্রিকায় বিজ্ঞাপণ প্রকাশের সময় বিজ্ঞাপণ মুসাবিদার ফাঁকা স্থানে তথ্য অধিকার বিষয়ক স্লোগান অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করা।

৬.০ বিভিন্ন গণ শুনানীতে তথ্য অধিকার বিষয়ক স্লোগান অন্তর্ভুক্ত করে বক্তব্য প্রদানের ব্যবস্থা করা। পরবর্তীতে কর্পোরেশনের পক্ষ হতে এ সম্পর্কিত প্রেস রিলিজ প্রকাশের ব্যবস্থা করা। বিভিন্ন ইভেন্টের প্রেস রিলিজ ব্যাপক হারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা।

৭.০ আগামী ১৫.১০.২০২২ খ্রি: তারিখের মধ্যে ২০২১ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশপূর্বক কর্পোরেশনের ওয়েব-সাইটে আপলোড করা।

৮.০ পর্যায়ক্রমে কর্পোরেশনের সকল আঞ্চলিক অফিস ও জেলা পর্যায়ের অফিসের ইনচার্জবৃন্দসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে সচেতনতা বৃদ্ধি করার ব্যবস্থা গ্রহণ করা।

চলমান পাতা-২

কমিটির আহবায়ক মহোদয় ২০২২-২০২৩ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/৯/2022
(মো: হান্নানুর রশিদ)
জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-উন্নয়ন
ও
আহবায়ক-তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**স্মারক নম্বর:** ৫৩.১৯.৯০০১.০০৩.০১.০০০.২০২২-

**তারিখ :** ২১ ভাদ্র ১৪২৯ / ০৫ সেপ্টেম্বর ২০২২

**বিতরণ:**

| | |
|---|---|
| ০১। জেনারেল ম্যানেজার-উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা। | আহবায়ক |
| ০২। সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য সচিব |
| ০৩। ম্যানেজার-হিসাব একত্রিকরণ শাখা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা; শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। | সদস্য |
| ০৪। ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম। | সদস্য |
| ০৫। ম্যানেজার-জনসংযোগ ও প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য |

০৫.০৯.2022
(শেখ খায়েরুজ্জামান)
সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন এবং
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**প্রতিলিপি:**

০১। জনাব আবু আবেদ মুহাম্মদ শোয়াইব, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটিডি।
০২। পিএস টু এমডি; ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। সংশ্লিষ্ট নথি। ০৪। মহানথি।

CamScanner

জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
উন্নয়ন ডিভিশন, প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

## তথ্য অধিকার সম্পর্কে জনসচেতনতামূলক স্লোগান:

০১। তথ্য আমার অধিকার
জানতে হবে সবার।

০২। চাইলে তথ্য জনগণ
দিতে বাধ্য প্রশাসন।

০৩। তথ্য পেলে জনগণ
নিশ্চিত হবে সুশাসন।

০৪। সবাই মিলে তথ্য দিলে
আলোকিত সমাজ মিলে।

০৫। তথ্য পেলে মুক্তি মেলে
সোনার বাংলার স্বপ্ন ফলে।

০৬। সংকট কালে তথ্য পেলে
জনগণের মুক্তি মেলে।

০৭। তথ্য পাবে জনগণ
তথ্যে আমার উন্নয়ন।

০৮। সুশাসন আর সুন্দর ধরা
তথ্য ছাড়া যায় না গড়া।

০৯। তথ্য দিয়ে গড়ব দেশ
মিলবে সোনার বাংলাদেশ।

শেখ খায়রুজ্জামান
সহকারী জেনারেল ম্যানেজার
উন্নয়ন ডিভিশন
জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০

# জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয় : ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫১০৯৬, পিএবিএক্স : ৯৫৫১৪১৪, ৯৫৫১৪২৩-২৪, ৯৫৫২০৪৭-৪৯, ৯৫৫৯৯৫১-২, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১৮২৫, ৮৮-০২-৯৫৫০৭১৬
পোস্ট বক্স নং-৩৪৫, ৬২৫, জি.পি.ও ঢাকা, ই-মেইল : info @jbc.gov.bd, ওয়েব সাইট : www.jbc.gov.bd


## তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি এর ৭ম সভার হাজিরা

তারিখ: ০৪-০৯-২০২২ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকা।

স্থান: জেনারেল ম্যানেজার-উয়ন্নন (ভারপ্রাপ্ত) -এর অফিস কক্ষ, ৪র্থ তলা, প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর/মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব মো: হান্নানুর রশিদ<br>জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-উন্নয়ন | আহবায়ক | [signature] 04/9/22 |
| ২ | জনাব মোঃ ফেরদৌস আলম খান<br>ম্যানেজার-হিসাব একত্রিকরণ শাখা, প্রধান কার্যালয়, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | সদস্য | [signature] 04/09/22 |
| ৩ | জনাব মোঃ মাসুদুর রহমান<br>ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম | সদস্য | [signature] 04/09/2022 |
| ৪ | জনাব ইসমত আরা আহমেদ<br>ম্যানেজার-জনসংযোগ ও প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য | [signature] 04/09/2022 |
| ৫ | শেখ খায়েরুজজামান<br>সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন ও সদস্য, এপিএ টিম | সদস্য সচিব | [signature] 4/9/2022 |